গাংনীতে সড়ক দূর্ঘটনায় সাংবাদিক আহত

মেহেরপুরের গাংনী-কুষ্টিয়া সড়কের চোখতোলা নামক স্থানে সড়ক দূর্ঘটনায় দৈনিক সময়ের কাগজ ও চ্যানেল ফোর টিভির মেহেরপুর জেলা প্রতিনিধি সাংবাদিক এম এ লিংকন ও তার সহকারি এম এন পাভেল মারাত্মক আহত হয়েছে।

শনিবার বেলা সাড়ে তিনটার দিকে পেশাগত কাজ শেষে বামন্দী থেকে গাংনী ফেরার পথে চোখতোলা নামক স্থানে দূর্ঘটনার কবলে পড়ে।

আহত সাংবাদিক এম এ লিংকন জানান, বামন্দী থেকে স্বাভাবিক গতিতে মটরসাইকেল যোগে পেশাগত কাজ শেষ করে গাংনীর দিকে ফিরছিলাম এমন সময় চোখতোলা নামক স্থানে একটি ছাগল মটরসাইকেল এর সামনে এসে পড়লে নিয়ন্ত্রণ হারিয়ে পড়ে যায়।

এতে তাদের শরীরের বিভিন্ন স্থানে আঘাত প্রাপ্ত হয়।
পরে প্রত্যক্ষদর্শীদের সহায়তায় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে। বর্তমানে তারা সেখানে ভর্তি রয়েছে।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় একজন নিহত সহ আহত ২

মেহেরপুর শহরের পন্ডের ঘাট এলাকায় মোটরসাইকেল ও ট্রাক্টরের মুখোমুখি সংঘর্ষে মোস্তাক হোসেন (২৩) নামের এক যুবক নিহত হয়েছে।

নিহত মোস্তাক সদর উপজেলার চকশ্যামনগর গ্রামের ছমিরুল ইসলাম এর ছেলে। পেশায় রাজমিস্ত্রি ছিল মোস্তাক । গতকাল রাত সাড়ে আটটার দিকে এ দুর্ঘটনা ঘটে।

এ সময় আরো দুজন আহত হয়। আহতরা হলেন, সদর উপজেলার আমদহ গ্রামের আজাদ আলী (৪৫) ও জাহিদ হোসেন (৪০)। এদের মধ্যে আজাদ আলীর অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেছে চিকিৎসকরা।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান জানান, রাত সাড়ে আটটার দিকে মেহেরপুর শহরের পন্ডের ঘাট এলাকায় মুজিবনগর সড়কে দুটি মোটরসাইকেল ও ট্রাক্টর এর সাথে মুখোমুখি সংঘর্ষ হলে ঘটনাস্থলে দুই মোটরসাইকেলের ৩ আরোহী গুরুতর আহত হয়।

এসময় স্থানীয়রা তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। আহতদের মধ্যে মোস্তাক এর অবস্থা সংকটপূর্ণ হওয়ায় তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করে ইমার্জেন্সি মেডিকেল অফিসার। রাজশাহী যাওয়ার পথে মোস্তাক এর মৃত্যু হয়।

বাকি আহত ২জন মেহেরপুর ও কুষ্টিয়া হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। ওসি আরো জানান, ঘটনার পর থেকে ঘাতক ট্রাক চালক পলাতক রয়েছে। নিহতের পরিবার থেকে থানায় অভিযোগ দিলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় নিহত ১, আহত ২

মেহেরপুর শহরের পন্ডের ঘাট এলাকায় মোটরসাইকেল ও ট্রাক্টরের মুখোমুখি সংঘর্ষে মোস্তাক হোসেন ২০ নামের এক যুবক নিহত হয়েছে। নিহত মোস্তাক সদর উপজেলার চকশ্যামনগর গ্রামের ছমিরুল ইসলাম এর ছেলে। পেশায় রাজমিস্ত্রি ছিল মোস্তাক । আজ রাত সাড়ে আটটার দিকে এ দুর্ঘটনা ঘটে।
এ সময় আরো দুজন আহত হয়। আহতরা হলেন, সদর উপজেলার আমদহ গ্রামের আজাদ আলী ৪৫ ও জাহিদ হোসেন ৪০। এদের মধ্যে আজাদ আলীর অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড

করেছে চিকিৎসকরা।
মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান জানান, রাত সাড়ে আটটার দিকে মেহেরপুর শহরের পন্ডের ঘাট এলাকায় মুজিবনগর সড়কে দুটি মোটরসাইকেল ও ট্রাক্টর এর সাথে মুখোমুখি সংঘর্ষ হলে ঘটনাস্থলে দুই মোটরসাইকেলের ৩ আরোহী গুরুতর আহত হয়। এসময় স্থানীয়রা তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। আহতদের মধ্যে মোস্তাক এর অবস্থা সংকটপূর্ণ হওয়ায় তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফাড করে ইমার্জেন্সি মেডিকেল অফিসার। রাজশাহী যাওয়ার পথে মোস্তাক এর মৃত্যু হয়। বাকি আহত ২জন মেহেরপুর ও কুষ্টিয়া হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। ওসি আরো জানান, ঘটনার পর থেকে ঘাতক ট্রাক চালক পলাতক রয়েছে। নিহতের পরিবার থেকে থানায় অভিযোগ দিলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

নিজস্ব প্রতিনিধি

গাংনীতে সড়ক দুর্ঘটনায় গৃহবধু আহত

মেহেরপুরের গাংনীতে শ্যালো ইঞ্জিন চালিত পাখি ভ্যান উল্টিয়ে আমেনা বেগম নামেক এক গৃহবধু আহ হয়েছেন। তাকে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ৯টার দিকে উপজেলার সহড়াবাড়িয়া রুয়ের কান্দি মাঠের সড়কে এ দুর্ঘটনা ঘটে। আহত আমেনা বেগম রুয়ের কান্দি ◌্রগামের সামসুল হক মাষ্টারের স্ত্রী।

জানা গেছে, আমেনা বেগম নিজ বাড়ি থেকে উপজেলার মিনাপাড়া শিমুলতলা গ্রামে মায়ের বাড়ির যাচ্ছিলেন। পথিমধ্যে পাখি ভ্যানইট উল্টে গিযে তিনি মারাত্মক জখম হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। সেখানে প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া মেডক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করেন কর্তব্যরত চিকিৎসক।
-গাংনী প্রতিনিধি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ট্রেন-মাইক্রোবাসের সংঘর্ষ

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনায় ভারতগামী মালবাহী ট্রেন ও মাইক্রোবাসের সংঘর্ষে নারী-শিশুসহ ৭ জন যাত্রী আহত হয়েছেন। আহতরা সকলেই মেহেরপুরের গাংনী উপজেলার শহরেরর মহিলা কলেজ পাড়ার বাসিন্দা।

রবিবার রাতে দর্শনা জয়নগর চেকপোস্ট সীমান্তের রেল ক্রসিংয়ে এ দুর্ঘটনা ঘটে। এদের মধ্যে তিনজনের অবস্থা আশঙ্কাজনক।

আহতরা হলেন, মেহেরপুর জেলার গাংনী উপজেলা শহরের বজলুর রহমানের স্ত্রী নাসিমা খাতুন (৪৫), মহিউদ্দীনের ছেলে মিজানুর রহমান (৪৫), শের আলীর ছেলে মইনুল ইসলাম (৪২), তার সহোদর আব্দুল হান্নান (৪৯), আব্দুল মালেকের ছেলে তরিকুল ইসলাম (২২), একই এলাকার ফাতেমা খাতুন (০৬) ও ইয়ামিন হোসেন (০৭)।

প্রত্যক্ষদর্শীরা জানাায়, রোববার সন্ধ্যায় দর্শনা চেকপোষ্ট দিয়ে ভারত থেকে বাংলাদেশে ফেরা পাসপোর্টধারী যাত্রীরা মাইক্রো বাসযোগে বাড়ির উদ্দেশ্যে রওনা দেয়। এ সময় জয়নয়ন চেকপোস্ট অতিক্রম করতে গেলে ভারতগামী একটি মালবাহী ট্রেন ও

মাইক্রোবাসের সংঘর্ষের ঘটনা ঘটে। এতে মাইক্রোবাস দুমড়ে-মুচড়ে যায়। গুরুতর আহত হয় নারী ও শিশুসহ কমপক্ষে ৭ জন মাইক্রোবাসের যাত্রী। পরে বিজিবি সদস্যরা তাদেরকে দ্রুত উদ্ধার করা স্থানীয় ও চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ডা. শামীমা ইয়াসমিন জানান, আহতদের মধ্যে নাসিমা খাতুন, মইনুল ও হান্নানের অবস্থা আশঙ্কাজনক। তাদেরকে প্রাথমিক চিকিৎসা শেষে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়।
দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সুকুমার বিশ্বাস এ তথ্য নিশ্চিত করেছেন।

এ দিকে আমাদের গাংনী প্রতিনিধি জানান, মইনুল ইসলাম ষোলো টাকা ইউনিয়নের ওয়ার্ড সদস্য। তিনি সহ ৪ জন ভারতে চিকিৎসা নিতে গিয়েছিলেন। গতকাল সন্ধ্যার পর দর্শনা চেক পোস্ট হয়ে দেশে ফিরেন। তাদের কে আনতে পরিবারের সদস্যরা মাইক্রো যোগে দর্শনা যায়। সেখান থেকে ফিরার পথে ভারতগামী মালবাহী ট্রেনের সাথে মাক্রোটি

ধাক্কা খায়। এতে ৭ জন গুরুতর আহত হয়।

চুয়াডাঙ্গা ও দর্শনা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় ও ঝিনাইদহে সড়ক দুর্ঘটনায় প্রাণ হারালো-৩

চুয়াডাঙ্গা জেলা শহরের রেলবাজার এলাকায় ইজিবাইকের ধাক্কায় আবু নাঈম জোয়ার্দ্দার টিপু (৬৫) নামে একজন নিহত হয়েছেন।

শুক্রবার সকাল ১০টার দিকে এ দূর্ঘটনা ঘটে। নিহত আবু নাঈম জোয়ার্দ্দার টিপু শহরের মাঝেরপাড়ার আবু মোতালেব জোয়ার্দ্দারের ছেলে।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) আবু জিহাদ মো. ফখরুল ইসলাম খান জানান, শুক্রবার সকালে শহরের রেলবাজার এলাকার শহর পুলিশ ফাঁড়ির সামনের রাস্তা পার হওয়ার সময় একটি ইজিবাইক পিছন থেকে আবু নাঈম জোয়ার্দ্দার টিপুকে ধাক্কা দেয়।

এ সময় তিনি রাস্তায় ছিটকে পড়ে মাথায় ও বাম হাতে আঘাত পান। স্থানীয়রা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

ঝিনাইদহ প্রতিনিধি জানান, ঝিনাইদহে ট্রাকের চাপায় দুই মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন।
গতকাল শুক্রবার সন্ধ্যা ৬টার দিকে শহরের চক্ষু হাসপাতালের সামনে এ ঘটনা ঘটে। নিহতরা হলেন- সদর উপজেলার চুটলিয়া গ্রামের আতিয়ার রহমানের ছেলে হাসানুজ্জামান ও একই এলাকার রওশন ম-লের ছেলে রাশেদুল ইসলাম।

তারা সম্পর্কে চাচা-ভাতিজা বলে জানা গেছে। ঝিনাইদহ ফায়ার সার্ভিসের সাব-স্টেশন অফিসার রউফ মোল্লা জানান, মোটরসাইকেল আরোহী রাশেদুল ও হাসানুজ্জামান মাগুরা থেকে ঝিনাইদহের দিকে আসছিল।

পথিমধ্যে ঝিনাইদহ চক্ষু হাসপাতাল এলাকায় পৌঁছালে সামনের দিক থেকে আসা একটি সবজি বোঝাই ট্রাক মোটরসাইকেলটিকে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই তাদের মৃত্যু হয়।
তিনি আরও জানান, মৃতদেহ দুটি সদর হাসপাতালে রাখা হয়েছে।

ঘাতক ট্রাকটিকে আটক করা হয়েছে। তবে চালক পলাতক রয়েছে।

চুয়াডাঙ্গা প্রতিনিধি

মেহেরপুর প্রতিদিনের সম্পাদক সড়ক দুর্ঘটনায় আহত, ঢাকায় রেফার্ড

মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ও কালের কন্ঠের জেলা প্রতিনিধি ইয়াদুল মোমিন সড়ক দুর্ঘটনায় আহত হয়েছেন। মেহেরপুর বিসিক শিল্প নগরী এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

দুর্ঘটনায় তার ডান পায়ে ব্যাপক ক্ষতিসাধন হয়েছে। মেহেরপুর সদর হাসপাতালে প্রাথমিক চিকিৎসা শেষে কর্তব্যরত চিকিৎসক তাকে ঢাকায় পঙ্গু হাসপাতালে রেফার্ড করেন।

এ ঘটনায় মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এমএএস ইমন ও মেহেরপুর প্রতিদিন পরিবারের সকলেই সম্পাদকের দ্রুত সুস্থ্যতা কামনা করেন।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় করিমন

চালক নিহত

মেহেরপুর ট্রাক ও শ্যালো ইঞ্জিন চালিত করিমনের সাথে মুখোমুখি সংঘর্ষে করিমন চালক নিহত হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে সদর উপজেলার চাঁদবিল-কেদারগঞ্জ বাইপাস সড়কের হেমায়েতপুর নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। নিহত করিমন চালক চূয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার চারুলিয়া গ্রামের রহমউল্লাহর ছেলে।

স্থানীয়রা জানান, ঘটনার সময় মেহেরপুরের আমঝপি থেকে পাথর বোঝাই একটি ট্রাক বাইপাস সড়ক হয়ে মুজিবনগরের দিকে যাচ্ছিল। চারুলিয়া থেকে আমঝুপি কোলার মোড়ে চিকিৎসার জন্য করিমন চালক মোস্তাকিন আহমেদ বিপরীত দিক থেকে আসছিলেন। এসময় হেমায়েতপুর নামক স্থানে একটি বাঁকের মুখে নিয়ন্ত্রণ হারিয়ে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে করিমনটি দুমড়ে মুচড়ে সড়কের পাশে ছিটকে পড়ে এবং করিমন চালক মোস্তাকিন ঘটনাস্থলেই মারা যায়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌছে ট্রাক চালক ফয়েজ কে আটক করে এবং লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য মর্গে পাঠায়।

মেপ্র/ আমঝুপি প্রতিনিধি

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় করিমন চালক নিহত

মেহেরপুর ট্রাক ও শ্যালো ইঞ্জিন চালিত করিমনের সাথে মুখোমুখি সংঘর্ষে করিমন চালক নিহত হয়েছে। বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে সদর উপজেলার চাঁদবিল-কেদারগঞ্জ বাইপাস সড়কের হেমায়েতপুর নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

নিহত করিমন চালক চূয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার চারুলিয়া গ্রামের রহমউল্লাহর ছেলে।

স্থানীয়রা জানান, ঘটনার সময় মেহেরপুরের আমঝপি থেকে পাথর বোঝাই একটি ট্রাক বাইপাস সড়ক হয়ে মুজিবনগরের দিকে যাচ্ছিল। চারুলিয়া থেকে আমঝুপি কোলার মোড়ে চিকিৎসার জন্য করিমন চালক মোস্তাকিন আহমেদ বিপরীত দিক থেকে আসছিলেন। এসময় হেমায়েতপুর নামক স্থানে একটি বাঁকের মুখে নিয়ন্ত্রণ হারিয়ে মুখোমুখি সংঘর্ষ হয়।

এতে করিমনটি দুমড়ে মুচড়ে সড়কের পাশে ছিটকে পড়ে এবং করিমন চালক মোস্তাকিন ঘটনাস্থলেই মারা যায়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌছে ট্রাক চালক ফয়েজ কে আটক করে এবং লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য মর্গে পাঠায়।

মেপ্র/ আমঝুপি প্রতিনিধি